

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

এফ ই সার্কুলার নং-০১

২১ শে পৌষ, ১৪১১

তারিখ : -----

০৪ জানুয়ারী ২০০৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার

প্রিয় মহোদয়গণ,

ফরওয়ার্ড ফ্রয় দ্বারা ফরওয়ার্ড বিক্রয়ের আবৃতকরণ এবং সোয়াপ কার্যক্রম প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে GFET প্রথম খন্ডের ৬ষ্ঠ অধ্যায়ের এবং এফই সার্কুলার নং ২১/২০০২ এর নির্দেশাবলীর নিম্নোক্তরূপ পরিবর্তন/পরিবর্ধন ও ব্যাখ্যা অবিলম্বে কার্যকর ও অনুসরণীয় হবে :

০২. ক. অনুমোদিত ডিলারের সমুদয় ফরওয়ার্ড বিক্রয় সমপরিমান ফরওয়ার্ড ফ্রয় দ্বারা আবৃতকরণের পরিবর্তে অনূন পঞ্চাশ শতাংশ ফরওয়ার্ড ফ্রয় দ্বারা আবৃতকরণ এবং অবশিষ্ট অংশ আন্তর্জাতিক ফরওয়ার্ড ফ্রয়ের এবং রপ্তানী বিলের তাৎক্ষণিক ফ্রয়ের দ্বারা আবৃতকরণ গ্রহণ যোগ্য বিবেচিত হবে।

খ. সোয়াপ কার্যক্রমে ফরওয়ার্ড ফ্রয় বা বিক্রয় প্রকৃতিগত ভাবে তাৎক্ষণিক বিক্রয় বা ফ্রয়ের সংগে সংশ্লিষ্ট বিধায় সোয়াপ কার্যক্রমে জড়িত ফরওয়ার্ড বিক্রয়কে ফরওয়ার্ড ফ্রয় দ্বারা আবৃতকরণের বাধ্যবাধকতা থাকবে না। টাকার বিপরীতে বৈদেশিক মুদ্রার সোয়াপ GFET প্রথম খন্ডের ষষ্ঠ অধ্যায়ের ৪নং অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক সম্পাদন যোগ্য হবে, তবে মোট অনিষ্পন্ন (outstanding) সোয়াপ পজিশন সংশ্লিষ্ট অনুমোদিত ডিলারের জন্য নির্দেশিত ওপেন পজিশন সীমার সমপরিমান মাত্রায় পরিমিত রাখতে হবে।

গ. গ্রাহকদের প্রয়োজনের সংগে সম্পর্কহীন ফ্রস কারেন্সী ফরওয়ার্ড ও সোয়াপ প্রসংগে এফ ই সার্কুলার নং ২/২০০৪ এর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৩. অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিত করবেন, এবং প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশৃঙ্খল,

(খন্দকার খালিদুর রহমান)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৫